



WORKSHEET – 2020

Sub: Bengali (Model answer)

Class: X

Date: 20.07.2020

ব্যাকরণ---সমাস (১)

বিষয়- সমাসের প্রাথমিক ধারণা ও দ্বন্দ্ব সমাস

১। সঠিক বিকল্পটি নির্বাচন করো:

- ১.১ সমাস কথাটির অর্থ কি? ক) সংক্ষেপ
- ১.২ সমাসে দুই বা তার বেশি পদ মিলিত হয়ে যে একটি পদ তৈরি করে, তাকে কি বলে? ক) সমস্ত পদ/সমাসবদ্ধ পদ
- ১.৩ যে পদগুলির মিলনে সমাস তৈরি হয়, সেই পদগুলিকে কি বলে? খ) সমস্যমান পদ
- ১.৪ সমাসের অর্থ বোঝাবার জন্য যে বাক্যাংশ ব্যবহৃত হয়, তাকে কি বলে? গ) ব্যাসবাক্য/বিগত্বাক্য
- ১.৫ সমস্যমান পদগুলির প্রথম পদটিকে কি বলে? ক) পূর্বপদ
- ১.৬ সমস্যমান পদগুলির শেষ পদটিকে কি বলে? খ) উত্তরপদ বা পরপদ
- ১.৭ 'দ্বন্দ্ব' কথাটির অর্থ কি? ক) মিলন/বিরোধ
- ১.৮ দ্বন্দ্ব সমাসে কোন পদের প্রাধান্য পায়? গ) পূর্বপদ ও উত্তরপদ উভয়েই
- ১.৯ দ্বন্দ্ব সমাসে দুটি পদ কিসের দ্বারা যুক্ত থাকে? খ) সংযোয়ক অব্যয়
- ১.১০ যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদের বিভক্তি লুপ্ত হয় না, তাকে কি বলে? ক) অলোপ দ্বন্দ্ব
- ১.১১ যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদগুলির একটি মাত্র পদ অবশিষ্ট থাকে, তাকে কি বলে? খ) একশেষ দ্বন্দ্ব
- ১.১২ "পীত যে অম্বর = পীতাম্বর"----বাক্যাটিতে যে পদগুলির তলায় দাগ দেওয়া রয়েছে, সেগুলি কি পদ? খ) সমস্যমান পদ
- ১.১৩ "পীত যে অম্বর = পীতাম্বর"----বাক্যাটিতে যে পদের তলায় দাগ দেওয়া রয়েছে, সেটি কি পদ? ক) সমস্ত পদ/সমাসবদ্ধ পদ
- ১.১৪ "পীত যে অম্বর = পীতাম্বর"----বাক্যাটিতে যে পদের তলায় দাগ দেওয়া রয়েছে, সেটি কি পদ? গ) পূর্বপদ
- ১.১৫ "পীত যে অম্বর = পীতাম্বর"----বাক্যাটিতে যে পদের তলায় দাগ দেওয়া রয়েছে, সেটি কি পদ? ঘ) উত্তরপদ

শিক্ষক/শিক্ষিকা-অর্পিতা চন্দ্র